



৫ জুন ২০২৩-সোমবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ক্যাম্পাসের বিভিন্ন স্থানে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর নেতৃত্বে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সভাপতি মোঃ ইব্রাহিম ফরাজী, সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন প্রমুখ।

এছাড়াও জাতীয় দৈনিক প্রতিদিনের বাংলাদেশের পাঠক সংগঠন অদম্য বাংলাদেশ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার পক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফলদ বৃক্ষরোপন কর্মসূচি পালিত হয়েছে।



৫ জুন ২০২৩-সোমবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর নেতৃত্বে একটি র্যালী পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এসময় প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্য শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।